# U.G. 3rd Semester Examination - 2021

## BENGALI

### Course Code : BBNGCCHT302

### Course Title : আধুনিক কাব্য কবিতা

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'ইচ্ছা করে দাসী হয়ে সেবি পা দুখানি।' — কার দাসী হতে ইচ্ছে করে?

খ) 'বীরাঙ্গনা' কাব্যটি কার প্রতি উৎসর্গ করা হয়েছে?

গ) 'লয়ে ফুলবৃন্ত, কান্ত, নয়ন কাজলে/লিখিনু' — বক্তা কে?

ঘ) 'বিতংসে কেবা বাঁধে কেশরীরে?' — বিতংস ও কেশরী শব্দদুটির অর্থ লেখো।

ঙ) বালকণ্ঠ -সমুত্থিত নবীন উদ্‌গীথ' — 'উদ্‌গীথ' শব্দের অর্থ লেখো

চ) 'বাড়ুক সৌভাগ্য তব এ প্রার্থনা করি' — কে কার জন্য এ প্রার্থনা করেছেন?

ছ) 'সায়াহ্ন - ছাব্বিশে চৈত্র - তের শত সন' — এই দিনটি গুরুত্বপূর্ণ কেন?



জ) 'তাই মনে হয় এটা বড় শুভদিন' — কোন্ দিনকে কবির শুভদিন বলে মনে হয়েছে?

ঝ) 'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই নবী'' — 'নবী' বলতে কী বোঝানো হয়েছে?

ঞ) 'আমার প্রেমের পথে বার বার দিয়ে গেছে বাধা' — কে কবির প্রেমের পথে বার বার বাধা দিয়ে গেছে?

ট) 'কাস্তে' কবিতায় উল্লেখিত যুদ্ধাস্ত্রগুলির নাম লেখো।

ঠ) 'কে আশাবরী শোনায় বারবার' — 'আশাবরী' কী?

ড) 'হে সারথী আজি মম সফল জীবন।' — উদ্ধৃতাংশটির বক্তা কে?

ঢ) ইরম্মদ কথাটির অর্থ লেখো।

ণ) কোন সর্গে রুদ্রপীড় নিহত হয়েছে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'হায়, পাগলিনী জনা!' — জনা নিজেকে পাগলিনী বলেছে কেন?

খ) 'তুমি ভেঙে দিবে তার ভ্রান্তিময়ী খেলা।' — উক্তিটির তাৎপর্য লেখো।

গ) 'আজ বসন্তের শূন্য হাত' — বসন্তের হাত শূন্য কেন?

ঘ) রুদ্রপীড়ের শেষ ইচ্ছা কী ছিল?

ঙ) 'হে ইন্দ্র মেঘবাহন, শুনিয়াছ মম পণ' — উক্তিটি কার? বক্তার কী পণ ছিল?

চ) ‘যে দিন, — কুদিন তারা বলিবে কেমনে?’ — কোন্ দিনের কথা বলা হয়েছে?

ছ) ‘তারপর দড়াম করে দরজা বন্ধ হবার শব্দ।’ — কে কখন এভাবে দরজা বন্ধ করেছিল?

জ) গঠন রীতির দিক থেকে ‘পুরুলিয়া’ কোন্ শ্রেণির কবিতা?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) শোককবিতা হিসেবে ‘বঙ্কিম বিদায়’ কবিতাটির সার্থকতা সংক্ষেপে লেখো।

খ) ‘কাস্তে’ কবিতাটির মর্মার্থ সহজ ভাষায় লেখো।

গ) প্রতিবাদী নারী হিসেবে ‘জনা’ চরিত্রটি সংক্ষেপে লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) উনিশ শতকের গীতি কবিতার বিশেষত্বগুলি পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো।

খ) ‘বৃত্রসংহার’ কাব্যটি মহাকাব্য হিসেবে কতখানি সার্থক হয়েছে, তা আলোচনা করো।

গ) ‘অন্ধকারে মুখ চাপা দিয়ে

দড়ি পাকানো সেই গাছ

তখনও হাসছে।’ — দড়িপাকানো গাছটির হাসির তাৎপর্য কবিতাটি অবলম্বনে লেখো।

———————